

গবেষণামূলক প্রবন্ধ আহ্বান

ইসলামী বিশ্ববিদ্যালয়ের আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগের The Quranic Studies (দি কুরআনিক স্টাডিজ) ভলিউম ৮ এর ১ম সংখ্যা, জুন ২০২৩-এ প্রকাশের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলির আলোকে আগামী ১৫/০৩/২০২৩ ইং তারিখের মধ্যে গবেষণা প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে। প্রফেসর ড. মোঃ নাছির উদ্দিন মিষ্টি, প্রধান সম্পাদক, জার্নাল সম্পাদনা পর্ষদ (২০২৩, ২০২৪, ২০২৫ ইং), আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, কুষ্টিয়া-ঝিনাইদহ বরাবর সফট কপি ও তিন (০৩) সেট হার্ড কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। সফট কপি প্রেরণের জন্য ই-মেইল ঠিকানা: alquraniukbd@gmail.com

শর্তাবলি

১. প্রবন্ধের শব্দ ও পৃষ্ঠা: শব্দ ৫০০০ এবং ৮ থেকে ১৪-এর পৃষ্ঠার মধ্যে হতে হবে।
২. ফন্ট: লিখিত প্রবন্ধে বাংলায় SutonnyMJ Font Size 14, ইংরেজিতে Calibri (Body) (Font Size 12) এবং আরবী Traditional Arabic Font Size 14. লাইন স্পেস সিঙ্গেল ও মার্জিন Justify হিসেবে এবং A4 সাইজ কাগজের এক পৃষ্ঠায় লিখিত হতে হবে।
৩. লিখিত প্রবন্ধের ৩ সেট হার্ড কপি, প্রবন্ধের সফট কপি, প্রবন্ধকারের মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা প্রবন্ধের সঙ্গে জমা দিতে হবে। সফট কপিতে প্রবন্ধের লাইন স্পেস সিঙ্গেল থাকা বাঞ্ছনীয়।
৪. প্রতি অনুচ্ছেদের শুরুতে অর্ধ ইঞ্চি ছাড় হবে এবং কোটেশন বা উদ্ধৃতির ক্ষেত্রেও ১ ইঞ্চি (উভয়পাশে) ছাড় দিতে হবে। কাগজের উপরের দিকে ডান কোণে পৃষ্ঠা নম্বর থাকবে। কোনো সারণী বা উদ্ধৃতি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুচ্ছেদের নিচে সিঙ্গেল স্পেস রেখে তা শুরু থেকে শেষ পর্যন্ত উদ্ধরণ চিহ্ন (“”) দিয়ে লিখতে হবে।
৫. হেডিং এবং টাইটেল: প্রবন্ধের হেডিং এবং টাইটেল ১৮ ফন্টে লিখতে হবে। টাইটেলের নিচে কোন আন্ডারলাইন দেয়া যাবে না এবং টাইটলে উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করা যাবে না।
৬. প্রবন্ধের শুরুতে (১০০ থেকে ১৫০ শব্দের মধ্যে) সারসংক্ষেপ (Abstract) ইংরেজিতে লিখিত থাকতে হবে। সারসংক্ষেপ ১২ ফন্টে ইটালিক বর্ণে কাগজের উভয় পাশে ১ ইঞ্চি বাদ দিয়ে লিখতে হবে। কীওয়ার্ড-এর সংখ্যা হবে সর্বোচ্চ পাঁচ থেকে সাতটি।
৭. তথ্য সংযুক্তি:
 - ক. প্রবন্ধে তথ্য সংযুক্তির ক্ষেত্রে আন্তর্জাতিক স্বীকৃত পদ্ধতিতে তথ্যসূত্র সংযুক্ত করতে হবে।
 - খ. ইন্টারনেট থেকে তথ্য সংযুক্তির ক্ষেত্রে ওয়েবসাইটের ঠিকানা ও সংশ্লিষ্ট তথ্যাদি উল্লেখ করতে হবে এবং সংবাদপত্রের ক্ষেত্রে পর্যায়ক্রমে পত্রিকার নাম, মাস, তারিখ, সন ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে।

৮. প্রবন্ধ কোন ক্রমেই এম.ফিল এবং পি.এইচ.ডি থিসিসের অংশ হতে পারবে না। উল্লেখ্য, যৌথ প্রবন্ধে দু'য়ের অধিক লেখক থাকবেন না। বিভাগীয় এম.ফিল ও পিএইচ.ডি. গবেষকগণ এবং অন্যান্য বিভাগের শিক্ষকগণ স্ব স্ব নামে প্রবন্ধ জমা দিতে পারবেন। যে কোনো পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণও একক নামে এবং এম.ফিল/পিএইচ.ডি গবেষকগণ তাঁদের স্ব স্ব বিভাগ অথবা যেকোনো শিক্ষকের সাথে যৌথভাবে প্রবন্ধ জমা দিতে পারবেন। প্রবন্ধ প্রকাশের ক্ষেত্রে আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষক ও এম.ফিল./পিএইচ.ডি. গবেষকগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৯. প্রবন্ধ প্রকাশের জন্য সম্পাদনা পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোনো অনির্বাচিত প্রবন্ধ ফেরত দেয়া হবে না।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

১. সভাপতি,

আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ/ দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ/ আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ/ অর্থনীতি বিভাগ/ আরবী ভাষা ও সাহিত্য বিভাগ/ বাংলা বিভাগ/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ/ ইংরেজি বিভাগ/ রাষ্ট্রবিজ্ঞান বিভাগ/ লোক প্রশাসন বিভাগ/ ফোকলোর স্টাডিজ বিভাগ/ সোস্যাল ওয়েলফেয়ার বিভাগ/ ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ/আইন বিভাগ/আল-ফিক্হ এন্ড লিগ্যাল স্টাডিজ বিভাগ/ ল এন্ড ল্যান্ড ম্যানেজমেন্ট বিভাগ/ হিসাববিজ্ঞান ও তথ্যপদ্ধতি বিভাগ/ব্যবস্থাপনা বিভাগ/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ/ মার্কেটিং বিভাগ/ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ/ টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জি: বিভাগ/ ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জি: বিভাগ/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জি: বিভাগ/ বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জি: বিভাগ/ ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগ/ গণিত বিভাগ/ পরিসংখ্যান বিভাগ/এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড জিওগ্রাফি বিভাগ/ বায়োমেডিক্যাল ইঞ্জি: বিভাগ/ ফার্মেসি বিভাগ, ইবি।


২. ইসলামী শিক্ষা/আরবী বিভাগ-ঢাবি, রাবি ও চবি ও ইসলামী শিক্ষা বিভাগ-জবি।

৩. ডাটাবেজ প্রোগ্রামার, আই সি টি সেল, ইবি। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে 'ইসলামী বিশ্ববিদ্যালয় গবেষণা জার্নাল' শীর্ষক পাতায় আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

৪. নোটিশ বোর্ড, ডিন অফিস, খিলঞ্জি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ, ইবি।

৫. বিভাগীয় সভাপতির কার্যালয়ের নথি।

ধন্যবাদান্তে,



(প্রফেসর ড. মোঃ নাছির উদ্দিন মিঠা)

প্রধান সম্পাদক (চীফ এডিটর), The Quranic Studies

ভলিউম-৮ (১ম সংখ্যা, জুন ২০২৩)

আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ।